



# জয়পুরহাট সরকারি মহিলা কলেজে

## JOYPURHAT GOVT. WOMEN'S COLLEGE

Joypurhat, Bangladesh.

College Code: Board - 5050, Center Code: 452, NU -2803, EIIN No- 121895, DSHE- 0189

Phone: 02589-915741; website: www.jgwc.edu.bd; Email: mohilacollege.jaipurhat@gmail.com; FB: facebook.com/jgmcj



স্মারক নম্বর: জসমক/ ২৬ /২০২৩

তারিখ: ১৯/০২/২০২৩ খ্রি.

(নিয়ম-শৃঙ্খলা মানুসকে উন্নত জীবন দান করে।)

মিমা লঙ্ঘনকারীকে শৃঙ্খলা পছন্দ করেন না। আমুন আমরা নিয়ম-শৃঙ্খলার মিমার মধ্যেই থাকি।

“সবার উপরে ছাত্রীদের স্বার্থ। ছাত্রীদের সুযোগ-সুবিধা, মান-মর্যাদা ও কল্যাণে কলেজ কর্তৃপক্ষ সর্বদা সচেতন।”

### নোটিশ

\* আগামী ১লা মার্চ ২০২৩ খ্রি. হতে সংশোধিত নতুন রণটিন অনুযায়ী সকল শ্রেণির ক্লাস অনুষ্ঠিত হবে। \*

এতদ্বারা জয়পুরহাট সরকারি মহিলা কলেজের সকল শিক্ষক, কর্মচারী, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে কলেজ চলাকালীন-

১। উচ্চ মাধ্যমিক, স্নাতক পাস ও স্নাতক সম্মান তথা সকল শ্রেণির জন্য কলেজ ক্যাম্পাসে ও শ্রেণিকক্ষে কোন প্রকার মোবাইল ফোন বহন করা, ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ। এমন কী বন্ধফোন, নষ্টফোন ও সিমবিহীন ফোনও কাছে রাখা যাবে না।

২। একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রীদের কলেজের নির্দিষ্ট পোশাক (Uniform) পরিধান করে কলেজে আসতে হবে এবং শালীনতা বজায় রেখে কলেজের নিয়ম-কানুন মেনে চলতে হবে। সেই সাথে একাদশ শ্রেণির ছাত্রীরা যারা এখনো নির্দিষ্ট পোশাক (Uniform) তৈরি করেনি তারা অতি সত্তর নির্দিষ্ট পোশাক (Uniform) তৈরি করে তা পরিধান করে কলেজে আসবে।

৩। ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ০৮টা ১৫ মিনিট হতে একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের/ছাত্রীদের ক্লাস শুরু হয়। তাই সকলকে ০৮টা ১৫ মিনিটের পূর্বেই শ্রেণিকক্ষে প্রবেশ করতে হবে। বিশেষ কারণ ব্যতীত ০৮টা ১৫ মিনিটের পরে কেহ শ্রেণিকক্ষে প্রবেশ করতে পারবে না। এছাড়াও সকাল ০৯টার পর কেউ কোন ক্রমেই ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না। কলেজের মেইন গেট সকাল ০৯টায় সম্পূর্ণ বন্ধ হয়ে যাবে। কোন অজুহাতেই সকাল ০৯টার পর মেইন গেট খোলা যাবে না এবং রণটিনের সর্বশেষ ঘন্টার শেষ হওয়ার পূর্বে কোনো শিক্ষার্থী ক্যাম্পাস ত্যাগ করতে পারবে না।

৪। কলেজ চলাকালীন/রণটিন পিরিয়ডে একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রীদের কেউ কোনো কোচিং বা প্রাইভেট পড়তে পারবে না। এই সময়ে কোচিং বা প্রাইভেট পড়া সম্পূর্ণ নিষিদ্ধ।


৫। এই কলেজের শিক্ষার্থীরা কলেজে এবং কলেজের বাহিরে এমন কোনো কর্ম-কাণ্ডের সাথে জড়িত থাকা যাবে না যাতে কলেজের মর্যাদা ও সুনাম বিনষ্ট হয়।

৬। কোনো শিক্ষার্থীর কোনো অভিযোগ থাকলে তা বাহিরে প্রচার না করে প্রথমেই তাকে কলেজ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে বলা হলো। উপরোক্ত (১নং -- ৬নং) নিয়মসমূহ ভঙ্গ করা ছাত্রীদের জন্য একাডেমিক শাস্তিযোগ্য অপরাধ।

৭। সেইসাথে সম্মানিত সকল শিক্ষককেও তাদের ক্লাস থাক আর না থাক সকাল ০৮টা ১৫ মিনিটের মধ্যে কলেজে উপস্থিত হয়ে যথা সময়ে তাদের নির্ধারিত ক্লাসসমূহ গ্রহণের জন্য বিশেষ অনুরোধ করা হলো। ০৯টার পর কলেজে প্রবেশকে নিরুৎসাহিত করা হচ্ছে।

অনুলিপি প্রেরণ করা হলো -

১. সম্পাদক, শিক্ষক পরিষদ, জয়পুরহাট সরকারি মহিলা কলেজ, জয়পুরহাট।
২. শিক্ষক মিলনায়তন, জয়পুরহাট সরকারি মহিলা কলেজ, জয়পুরহাট।
৩. নোটিশ বোর্ড।
৪. ফেসবুক পেইজ।
৫. অফিস নথি।



অধ্যক্ষ

জয়পুরহাট সরকারি মহিলা কলেজ  
জয়পুরহাট।

থফেসর মোঃ আবু বকর সিদ্দিক (৭৯২৬)

অধ্যক্ষ

জয়পুরহাট সরকারি মহিলা কলেজ  
জয়পুরহাট